75

দৈনিক ইনকিলাব

তারিখ 13 JAN-1994
পৃষ্ঠা ৫ কলাম ৫

## ১৫শ' বিসিএস-এর লিখিত পরীক্ষার সময় প্রসংগে

আমরা পত্রিকান্তরে জানতে পারলাম যে, ১৫শ' বিসিএস-এর লিখিত পরীক্ষা আগামী মার্চ '৯৪ হতে শুরু হবে। আগামী ১৩ অথবা ১৪ ফেব্রুয়ারী '৯৪ হতে পবিত্র রমজান মাস শুরু হতে যাচ্ছে। স্বভাবতই পবিত্র রমজান মাসে পড়াশুনায় মনোযোগী হওয়া যায় না এবং সম্ভব হয়ে উঠে না। আর বিসিএস পরীক্ষা বাংলাদেশের সবচেয়ে প্রতিযোগিতামূলক পরীক্ষা বিধায় অবশ্যই ভাল প্রস্তুতির প্রয়োজন। যা মার্চ '৯৪ মাসে অনুষ্ঠিত হলে পবিত্র রমজান মাসের জন্য ভাল প্রস্তুতি নেয়া মোটেই সম্ভব নয়।

অতএব পবিত্র ঈদ-উল-ফিতরের দেড় মাস পরে অথবা এপ্রিল '৯৪ মাসের শেষ সপ্তাহ হতে লিখিত পরীক্ষা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট অনুরোধ করছি।

১। সাইফুল ইসলাম, ২। জিয়া উদ্দিন আহমেদ,
৩৩৪, দক্ষিণ যাত্রাবাড়ী, ঢাকা।